# ফেব্রুয়ারিতেই নির্বাচন, কোনো শক্তিই বাধা দিতে পারবে না:প্রধান উপদেষ্টার প্রেস সচিব



সংগৃহীত ছবি

প্রধান উপদেষ্টার কথামতো আগামী ফেব্রুয়ারিতে নির্বাচন অনুষ্ঠিত হবে এবং কোনো শক্তিই তা বাধাগ্রস্ত করতে পারবে না, মন্তব্য করেছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। শুক্রবার (১৫ আগস্ট) মাগুরায় জুমার নামাজের পর শহীদ রাব্বি ও শহীদ আল আমিনের কবর জিয়ারতের পর সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব কথা বলেন।

নির্বাচন প্রস্তুতি বিষয়ে শফিকুল আলম বলেন, “নির্বাচনের জন্য পুরো জাতি প্রস্তুত। নির্বাচনের সঙ্গে সংশ্লিষ্ট সব প্রতিষ্ঠান ইতিমধ্যেই কাজ শুরু করেছে। বর্ষার মৌসুম শেষ হওয়ার সঙ্গে সঙ্গে পাড়া-মহল্লায় নির্বাচনের হাওয়া ছড়িয়ে পড়বে। নির্বাচনের মহোৎসব আপনারা চোখে দেখতে পাবেন।”

জুলাই চার্টার সংশোধন সংক্রান্ত সংস্কারের বিষয়ে তিনি বলেন, “রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনা ও সমঝোতার ভিত্তিতে সংস্কারের কাজ চলছে। এটি দ্রুত এগিয়ে যাচ্ছে এবং এর ফলাফলও স্পষ্টভাবে দেখা যাচ্ছে।”